

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পশ্চিম ইউরোপ ও ইউরোপিয়ান ইউনিয়ন শাখা  
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৫৫.৫২.৬০৫.১৭. ২৬০

তারিখ: ২১ এপ্রিল ২০২৪

প্রাপক: জনাব মুহাম্মাদ সফিউল আজম  
পরিচালক (পশ্চিম ইউরোপ ও ইউরোপিয়ান ইউনিয়ন)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়: ২য় বাংলাদেশ-যুক্তরাজ্য প্রতিরক্ষা সংলাপে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের লক্ষ্যে আগামী ২৪-২৬ এপ্রিল ২০২৪ তারিখে লন্ডন, যুক্তরাজ্য সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ২৪-২৬ এপ্রিল ২০২৪ তারিখে যুক্তরাজ্যের লন্ডন-এ অনুষ্ঠিতব্য ২য় বাংলাদেশ-যুক্তরাজ্য প্রতিরক্ষা সংলাপে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণ করার জন্য আপনার অনুকূলে লন্ডন, যুক্তরাজ্য সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপঃ

- ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ২৩ এপ্রিল ২০২৪ তারিখ বা এর নিকটবর্তী সময়ে লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৭ এপ্রিল ২০২৪ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করবেন;
- খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- গ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর:

(আহমেদ তন্ময় তাহসিন রাতুল)  
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম ইউরোপ ও ইউইউ)  
ফোন: ০২৪৭১১০৬৪৬  
ই-মেইল: [aseurope@mofa.gov.bd](mailto:aseurope@mofa.gov.bd)

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, যুক্তরাজ্য [দু:আ: দুতালয় প্রধান]।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। অফিস কপি।



(আহমেদ তন্ময় তাহসিন রাতুল)